



Cosmo School

রাজিয়া সুলতানা

লেকচার শীট-২

শ্রেণি- তৃতীয়, বিষয় – বাংলা

কবিতা- বড় কে?

তারিখঃ ২৭.০৬.২০২০

❖ কবিতার বাকী ৬ লাইন শেখানো ও মূলভাব :

সংসারেতে সে বড় হয়,
বড় গুণ যার।
গুণেতে হইলে বড়,
বড় বলে সবে,
বড় যদি হতে চাও
ছোট হও তবে।

মূলভাব :

এই সমাজ ও পৃথিবীতে সেই বড় হয় যার অনেক গুণ আছে। যার অনেক গুণ আছে তাকেই সবাই বড় বলে। জীবনে সফল হতে হলে বিনয়ী হও এবং কখনও অহংকার করো না।

কঠিন শব্দ :

গুণ – ভালো বৈশিষ্ট্য।

এক বাক্যের প্রশ্নের উত্তর :

১. সংসারে কে বড় হয়?
২. সবাই কাকে বড় মনে করে ?
৩. বড় হতে হলে কী গুণ থাকতে হবে ?

উত্তর :

১. যার অনেক গুণ রয়েছে।
২. গুণে যদি বড় হয় তাকে সবাই বড় বলে।
৩. আগে ছোট বা বিনয়ী হতে হবে।

